দৈনিক সংবাদ

তারিখ ... 12 NOV 1998 ...
পৃষ্ঠা ৫ কলাম ২

### ন্টামস-এ ছাত্রছাত্রী ভর্তি বন্ধ

# প্রশাসন শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মানছে না

(নিজস্ব বার্তা পরিবেশক)

বগুড়া, ১১ই নভেম্বর।– ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (ন্টামস)-এ ডিপ্লোমা-ইন-কমার্স কোর্সে ছাত্রছাত্রী ভর্তি বন্ধ করে দেয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রিত বগুড়ায় এই প্রতিষ্ঠানটিতে প্রায় ১ বছর আগে ডিপ্লোমা-ইন-কমার্স কোর্স চালু রাখার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে ঐ প্রতিষ্ঠানের বোর্ড অফ গভর্নরস যে সিদ্ধান্ত নিয়েছে প্রতিষ্ঠানটির প্রশাসন তা মানছে না।

দু'বছর মেয়াদি ডিপ্লোমা ইন-কমার্স কোর্সের পাশাপাশি ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স বন্ধ করে দেবার জন্য প্রতিষ্ঠানটির পরিচালক আবদুল মান্নান সরকার বোর্ড অফ গভর্নরস -এর ১৫তম সভার প্রস্তাব করেন। কিন্তু ঐ সভা পরিচালকের এই প্রস্তাব নাকচ করে দিয়ে আপাতত কোর্স দুটি চালু রাখার সিদ্ধান্ত নেয়। কিন্তু তারপরেও প্রতিষ্ঠানটির পরিচালক ডিপ্লোমা-ইন-কমার্স কোর্সে ছাত্রছাত্রী ভর্তি করছেন না।

'৯৭ সালের ২১শে আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে বোর্ড অফ গভর্নরসের ১৫তম সভায় জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি সংক্ষেপে যা ন্টামস বলে পরিচিত তাতে দু'বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কমার্স ও ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স বন্ধ করে দেয়ার প্রস্তাব করেন পরিচালক আবদুল মান্নান সরকার। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের তৎকালীন অতিরিক্ত সচিব ও ন্টামস বোর্ড অফ গভর্নরসের সভাপতি অধ্যাপিকা তাহমিনা হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত নেয়া হয়। ঐ দুটি কোর্স হঠাৎ করে বন্ধ করে দিলে বিরূপ প্রতিক্রিয়া হতে পারে, সুতরাং ঐ কোর্স দুটি চালু থাকবে। ১ বছরেরও বেশি সময় আগে নেয়া ঐ কোর্স দুটি চালু রাখার সিদ্ধান্ত ন্টামস প্রশাসন না মানার কারণে শত শত ছাত্রছাত্রী এই দুই কোর্সের শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ছাত্রছাত্রীদের পক্ষ থেকে কয়েকবার আবেদন করা হয়েছে।